



Press release

05 August 2020

Sheikh Kamal - an Enlightened Youth Leader Celebrated

Bangladesh High Commission Canberra celebrated 71st birth anniversary of Sheikh Kamal, valiant freedom fighter and the eldest son of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on Wednesday, 05 August 2020 at the High Commission premises. A morning programme was organized to commemorate the life and works of Sheikh Kamal and a special doa and munajat was offered for the salvation of his departed soul.

The discussion session on Sheikh Kamal was attended by select members of Bangladesh expatriate community along with the officials of the High Commission. The speakers focused on Sheikh Kamal's organizational skill, creativity, cultural patronage as well as sportsmanship beyond his political identity. They paid rich tribute to him for his visionary role in the birth of Abahoni Krira Chokro and many other cultural entities. The High Commissioner cited Sheikh Kamal as the Champion for his rare leadership traits and relentless efforts to open minds of the youth through extracurricular interventions. Calling him a comet he narrated how Sheikh Kamal in a very short span could enlighten his surroundings.

A video on life and works of Sheikh Kamal with the reflection of his contemporary personalities about him was played before the discussion session. Following the local restrictions, the program was attended by the participants wearing masks and maintaining social distancing of 1.5 meter.



HIGH COMMISSION FOR THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CANBERRA

বাংলাদেশ হাইকমিশন
ক্যানবেরা

প্রেস রিলিজ

তারিখঃ ০৫ আগস্ট ২০২০



শেখ কামাল- এক আলোকিত যুব নেতার স্মরণে

আজ ৫ আগস্ট ২০২০ বুধবার যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বিশিষ্ট মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকি বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরায় পালিত হয়। অনুষ্ঠানের শুরুতে শহীদ মুক্তিযোদ্ধা শেখ কামালের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মোঃ সুফিউর রহমানের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় স্থানীয় বাংলাদেশ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শেখ কামালের জীবন ও কর্মের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। শেখ কামালের দূরদর্শীতা, ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে অতুলনীয় অবদান, সাংগঠনিক নেতৃত্ব এবং তার রাজনৈতিক পরিচয়কে পিছনে ফেলে স্বমহিমায় উদ্ভাসিত হওয়ার নানা বিষয় আলোচকগণ তাঁদের বক্তব্য তুলে ধরেন; শেখ কামাল ছিলেন যুব সমাজের জন্য আদর্শ; তার চিন্তা ও মননে ছিল বাংলাদেশের যুব সমাজকে মুক্ত মনের করে গড়ে তোলা; ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে এগিয়ে নেওয়া।

হাইকমিশনার তার বক্তব্য বলেন- শেখ কামাল বাঙালি জাতির জন্য স্বল্প সময়ে এক ধুমকেতুর মতো আবির্ভাব হয়েছিলেন। তরুণদের মন ও মনন এর উৎকর্ষ সাধনের জন্য তিনি নানাবিধ সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড গ্রহণ করেছিলেন। তার আকর্ষণীয় ব্যক্তিত্বের কারণে তিনি সকলের কাছে প্রিয় পাত্র হয়ে ছিলেন এবং পারিপার্শ্বিক সবাইকে আলোকিত করেছিলেন।

আলোচনা সভার পূর্বে শহীদ শেখ কামালের জীবন ও কর্মের উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। স্থানীয় কর্তৃপক্ষের বিধি নিষেধ অনুসরণ করে উপস্থিত অতিথিবৃন্দ মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রেখে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।